[redacted]

[redacted]

[redacted]

এসময় মাহফুজুর রহমান রিটন বলেন, পরিবেশগত ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপণের ভূমিকা যেমন ব্যাপক ও সুদূরপ্রসারী তেমনি সুষম অর্থনৈতিক উন্নয়নেও এর গুরুত্ব অপরিসীম। বিশেষজ্ঞদের মতে, পরিবেশের ভারসাম্য ও সুষম জলবায়ুর প্রয়োজনে একটি দেশের মোট আয়তনের অন্তত ২৫ ভাগ বনভূমি থাকা আবশ্যক।

আমাদের দেশের অর্থনৈতিক ও বিভিন্ন প্রয়োজন মেটাতেও পর্যাপ্ত বৃক্ষ থাকা অতীব প্রয়োজন। প্রাকৃতিক ও পরিবেশগত ভারসাম্য রক্ষায় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী দেশব্যাপী “গাছ লাগাও, পরিবেশ বাচাও”এই স্লোগানে কেন্দ্রীয় যুবলীগের আহবানে বৃক্ষরোপণ র্কমসূচী গ্রহন করা হয়েছে। এলক্ষ্যে মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে জেলায় ৭১ হাজার বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে কুতুবপুর ইউনিয়নে ৫ হাজার বৃক্ষ রোপনের উদ্যোগ নেওয়া হয়েছে।

বৃক্ষরোপণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন, পৌর কাউন্সিলর শাকিল রাব্বী ইভান, বাপ্পি, রিপন, কেন্দ্রীয় যুবলীগের সদস্য ও জেলা যুবলীগের সদস্য মেজবাহ উদ্দিন, ইয়ানুছ আলী, আমানুর রহমান সোহেল, সাজেদুর রহমান সাজু, সাইফুল ইসলাম উজ্জল, শেখ সারাফত, আফজাল হোসেন লিখন, শেখ কাজল, শাহাজান আলীসহ যুবলীগরে নেতার্কমীরা।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে নতুন করে ৪ জনের করোনা পজিটিভ

মেহেরপুরে নতুন করে আরো ৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। এর মধ্যে সদরে ৩ জন ও গাংনীতে ১ জন। এ নিয়ে জেলায় ৯১ জন করোনায় আক্রান্ত হলেন।

এর মধ্যে ৩৩ জন সুস্থ হয়েছেন, ৫ জন মারা গেছেন। ৮ জন রেফার্ড করা হয়েছে।

আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের মল্লিক পাড়ার আয়ুব আলী (২৮),

মিশন স্কুল পাড়ার আবু বক্কর তেলা (৫৬), শ্যামপুর কলোনি পাড়ার জহুরা (৭০) । বাকি একজন হলেন গাংনী পশু হাসপাল এলাকার বাসিন্দা ফারহানা সুলতানা (৪৭)।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে ২৪ টি রিপোর্ট এসেছে। এর মধ্যে ৪টি পজিটিভ, বাকিগুলো নেগেটিভ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ১৯১২ টি।

মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে ৪৫ (সদর-২৭, গাংনী-১৫, মুজিবনগর-৩) জন।

মেহেরপুর এনটিভি’র বর্ষপূর্তী উপলক্ষে ত্রাণ সামগ্রী ও গাছের চারা বিতরণ

১৭ তম বছর পার করে ১৮ বছরে পা রাখলো বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেল এনটিভি। এনটিভি’র ১৮ বছরে পদার্পণে মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপসের উদ্যোগে দুস্থ্যদের মাঝে ত্রাণ সহায়তা প্রদান ও গাছের চারা বিতরণ করা হয়েছে।

শুক্রবার দুপুরে এনটিভির মেহেরপুর প্রতিনিধির নিজস্ব বাসভবনের সামনে এ আয়োজন করেন। এলাকার হতদরিদ্র ৫০টি পরিবারের মাঝে খাদ্য সহায়তা ও একটি করে ওষুধি গাছের চারা উপহার দেওয়া হয়।

এনটিভি’র মেহেরপুর জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়াম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা নিবার্হী কর্মকর্তা আর এম সেলিম শাহনেওয়াজ, পৌর মেয়র আশরাফুল ইসলাম।

এসময় মেহেরপুর মেহেরপুর প্রেসক্লাবের উপদেষ্টা সাংবাদিক তুহিন অরণ্য, মেহেরপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও বিটিভি’র জেলা প্রতিনিধি আলামিন হোসেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক সাংবাদিক আকতারুজ্জামান, মেহেরপুর প্রেসক্লাবের যুগ্ম সাধারন সম্পাদক মাজেদুল হক মানিক, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলমসহ সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথিসহ সকলে সংক্ষিপ্ত বক্তব্যে এনটিভি’র জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপসের সাহসি সাংবাদিকতা ও এনটিভির প্রতিষ্ঠা বার্ষিকীর শুভ কামনা করেন। সেই সাথে দেশ ও জাতির উন্নয়নে এনটিভি ভুমিকা রাখবে এমন প্রত্যাশা করেন।

১৫ আগস্টেই ভারতে ‘করোনার ভ্যাকসিন’ চালু

আসছে ১৫ আগস্ট ভারতের স্বাধীনতা দিবসে দেশটিতে তৈরি করোনাভাইরাসের সম্ভাব্য ভ্যাকসিন বাজারজাত করার পরিকল্পনা করা হয়েছে। এ ভ্যাকসিনের নাম দেয়া হয়েছে কোভ্যাক্সিন।

ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিকেল রিসার্চ বা আইসিএমআরের বরাত দিয়ে শুক্রবার ভারতের বেশ কয়েকটি সংবাদমাধ্যম জানায়, সাধারণ মানুষের জন্য ১৫ আগস্ট এই ভ্যাকসিন চালু করতে চাইছে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ। এখন ভ্যাকসিনটির ক্লিনিক্যাল ট্রায়াল শুরু হচ্ছে। এটির সফলতা নিয়ে বিজ্ঞানীরা আশাবাদী।

ভারতের বায়োটেক ইন্টারন্যাশনালের সঙ্গে যৌথভাবে এ ভ্যাকসিন নিয়ে আসছে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ। ১২ টি প্রতিষ্ঠানকে ক্লিনিক্যাল ট্রায়ালের জন্য মনোনীত করা হয়েছে। এ ইনস্টিটিউটগুলোকে আইসিএমআর ক্লিনিক্যাল ট্রায়ালের জন্য প্রস্তুত হতে বলেছে। এই বিষয়টিকে প্রায়োরিটি প্রজেক্ট হিসেবে দেখছে কেন্দ্রীয় সরকার।

এনডিটিভির খবরে বলা হয়েছে, ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল

রিসার্চ চলতি সপ্তাহেই ক্লিনিক্যাল ট্রায়াল শুরু করে দিতে নির্দেশ দিয়েছে। ক্লিনিক্যাল ট্রায়ালের ওপরেই এই ভ্যাকসিনের সাফল্য নির্ভর করবে। কোনো ইনস্টিটিউট এই বিষয়ে সহযোগিতা না করলে তা গুরুতর অপরাধ হিসেবে দেখা হবে বলেও হুশিয়ারি দেয়া হয়েছে।

ইনস্টিটিউটগুলিকে লেখা চিঠিতে ক্লিনিক্যাল ট্রায়ালের জন্য নির্বাচিত ইনস্টিটিউটগুলিকে নির্দিষ্ট টাইমলাইনের মধ্যে সর্বাধিক গুরুত্ব দিয়ে এই কাজটি করতে বলা হয়েছে। টিকা বানানোর জন্য সার্স-কভ-২ ভাইরাসের স্ট্রেন সংগ্রহ করা হয়েছিল আইসিএমআর-এর অধীনে থাকা পুণের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ভাইরোলজি থেকে। টিকার ক্লিনিক্যাল ট্রায়াল শুরুর আগে যা যা করণীয় বিবিআইএল-এর সহযোগিতায় সেই সবই করেছে ও করে চলেছে আইসিএমআর।

এক বিবৃতিতে আইসিএমআর বলেছে, জনস্বাস্থ্যের কথা মাথায় রেখে আগামী ১৫ আগস্টের মধ্যে এ ভ্যাকসিন বাজারে আনার পুরোদমে চেষ্টা চালাচ্ছে তারা। এর মধ্যে সবকটি ক্লিনিক্যাল ট্রায়াল শেষ করতে হবে। ভারত বায়োটেক চেষ্টা করছে, নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজ সম্পূর্ণ করার। যদিও এ প্রকল্পের সঙ্গে যুক্ত সবকটি ক্লিনিক্যাল ট্রায়ালের পরেই চূড়ান্ত ফল জানা যাবে

আইসিএমআরের মহাপরিচালক বলরাম ভার্গব বলেছেন, চলতি মাসের ৭ তারিখের মধ্যে ক্লিনিক্যাল ট্রায়াল সম্পর্কিত সব সরকারি অনুমোদন এ প্রতিষ্ঠানগুলোকে অবশ্যই জোগাড় করে ফেলতে হবে, যাতে ভ্যাকসিনটি নির্দিষ্ট সময়ের মধ্যে বাজারে আনা যায়।

যুগান্তর ডেস্ক

একদিনে আরও ৪২ মৃত্যু, শনাক্ত ৩১১৪

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে ৪২ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ৯৬৮ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৩ হাজার ১১৪ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৫৬ হাজার ৩৯১ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৬০৬ জন এবং মোট সুস্থ ৬৮ হাজার ৪৮ জন।

শুক্রবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ঘণ্টায় ১৪ হাজার ৭৮১টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে পূর্বের নমুনাসহ ১৪ হাজার ৬৫০টি নমুনা পরীক্ষা করে ৩ হাজার ১১৪ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ১ লাখ ৫৬ হাজার ৩৯১ জন। শনাক্তের হার ২১ দশমিক ২৬ শতাংশ।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ৪২ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৩২ জন ও নারী ১০ জন। এ নিয়ে মোট মারা গেলেন ১ হাজার ৯৬৮জন।

নাসিমা সুলতানা জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৬০৬ জন। এ পর্যন্ত সুস্থ ৬৮ হাজার ৪৮ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৪৩ দশমিক ৯১ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ২৬ শতাংশ।

তিনি আরও জানান, বয়স বিভাজনে ১১-২০ বছরের মধ্যে একজন, ২১-৩০ বছরের মধ্যে ৩ জন, ৩১-৪০ বছরের মধ্যে একজন, ৪১-৫০ বছরের মধ্যে ৫ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১১ জন, ৬১-৭০ বছরের মধ্যে ১১ জন, ৭১-৮০ বছরের মধ্যে ৭ মারা এবং ৮১-৯০ বছরের মধ্যে ৩ জন মারা গেছেন।

করোনায় দেশে এ পর্যন্ত যারা মারা গেছেন তাদের মধ্যে ০-১০ বছরের মধ্যে ১২ জন, ১১-২০ বছরের মধ্যে ২৩ জন, ২১-৩০ বছরের মধ্যে ৭০ জন, ৩১-৪০ বছরের মধ্যে ১৪৭ জন, ৪১-৫০ বছরের মধ্যে ২৪০ জন, ৫১-৬০ বছরের মধ্যে ৫৭১ জন এবং ষাটোর্ধ্ব বয়সের ৮৫০ জন।

নাসিমা জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, গত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে ১৮ জন, চট্টগ্রামে ১০ জন, রাজশাহীতে ৩ জন, রংপুরে ৪ জন, সিলেটে ৩ জন, খুলনায় ৩ জন, বরিশালে একজন মারা গেছেন। এর মধ্যে হাসপাতালে ৩১ জন ও বাড়িতে ১১ জন মারা গেছেন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর

মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

যুগান্তর রিপোর্ট

ঝিনাইদহে নসিমন উল্টে চালক নিহত

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় রইচ উদ্দিন নামের এক নসিমন চালক নিহত হয়েছে। শুক্রবার সকালে সদর উপজেলার হলিধানী এলাকার ভেটেরিনারী কলেজের সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত রইচ উদ্দিন হরিনাকুন্ডু উপজেলার শাখারীদহ গ্রামের আফতাব উদ্দিনের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, সকালে হরিণাকুন্ডুর শাখারীদহ গ্রাম থেকে মাছ নিতে ডাকবাংলা এলাকায় যাচ্ছিল নসিমন চালক রইচ উদ্দিন।

পথে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের হলিধানী এলাকার ভেটেরিনারী কলেজের সামনে পৌঁছালে নিয়ন্ত্রন হারিয়ে রাস্তার উপর উল্টে যায়। এতে সে ঘটনাস্থলেই মারা যায়।

পরে পুলিশ তার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠায়।

জীবননগরে কিশোরের ঝুলন্ত লাশ উদ্ধার

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার ধোপাখালী গ্রামের একটি আমবাগান থেকে মো. ইয়ামিন (১৫) নামে এক কিশোরের ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ।

বৃহস্পতিবার সকালে বাগানের একটি আমগাছে গলায় ফাঁস দেয়া অবস্থায় ইয়ামিনের লাশ দেখে পুলিশে খবর দেয় এলাকাবাসী। সে পাশের সন্তোষপুর গ্রামের কদর আলীর ছেলে।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম জানান, পারিবারিক কলহের জেরে বুধবার দুপুরে ইয়ামিন বাড়ী থেকে বের হয়ে যায়।

বাড়ীর লোকজন পাশর্^বর্তী সকল স্থানে অনেক খোঁজাখুজি করেও তাকে পাইনি। পরদিন সকালে স্থানীয়রা থানায় খবর দিলে তার লাশ উদ্ধার করা হয়। ধারণা করা হচ্ছে সে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে।

গাংনীর বামন্দীতে শিশু ধষর্ণকারীর শাস্তির দাবিতে মানব বন্ধন

গাংনী উপজেলার বামন্দীতে ১১ বছরের শিশুকে নানা প্রলোভনে ও ভয় ভীতি দেখিয়ে ধর্ষণ করে বৃদ্ধ আক্কাস আলী। ধর্ষক আক্কাস আলী আটক হলেও এমন জঘন্য অপরাধের জন্য তার কঠোর শাস্তির দাবি জানিয়ে মানব বন্ধন করেছে উপজেলার সচেতন জনসাধারণ।

বৃহস্পতিবার বিকেলে গাংনী প্রেসক্লাবের সামনে এ মানব বন্ধনের আয়োজন করে বিভিন্ন শ্রেণিপেশার মানুষ। মানব বন্ধনে ধর্ষিতার বাবার সভাপতিত্বে ও জেলা কৃষকলীগ নেতা মশিউর রহমান পলাশের

পরিচালনায় ধর্ষকের বিচার দাবিতে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের লাইন সম্পাদক মনিরুল ইসলাম মনি, গাংনী বাজারের প্রতিবাদী মুখ বিপুল জাহিদ, জাহিদুল ইসলাম জাহিদ, ফজলুর রহমান ও সাবেক ছাত্রনেতা মশিউর রহমান প্রমুখ।

মানব বন্ধনে বিপুল জাহিদ নামের এক সমাজসেবক বলেন, আইনজীবিরা যখন একজন ধর্ষকের পক্ষে দারায় তখন আমাদের কষ্ট হয়। সাধারণ মানুষ হিসেবে আমাদের প্রত্যাশা এসব জঘণ্য মানুষের পক্ষে কোন আইনজীবি দারাবে না। ধর্ষণের পক্ষে উকালতি না করার জন্য অনুরোধ জানিয়েছেন তিনি। কারণ ধর্ষক কখনো ক্ষমা পাওয়ার কথা নয়। তারপরেও একজন বয়স্ক মানুষ কিভাবে একটি কমলমতি শিশুর জীবনকে শেষ করে দেয়। আর এমন অমানুষের পক্ষে কিভাবে জামিনদার হয়ে কোর্টে হাজির হয় আইনজীবি।

মানব বন্ধনে অন্য বক্তারা বলেন, এমন ধর্ষণের ঘটনা যেন গাংনীতে আর না ঘটে তার জন্য প্রয়োজন এই ধষর্কের দৃষ্টান্ত মূলক শাস্তি। আর কঠোর শাস্তির মাধ্যমে পুলিশ-প্রশাসনকে সাধারণ মানুষকে জানান দিতে হবে সর্বাঙ্গে মানুষের নিরাপত্তা। পুলিশ-প্রশাসন সব সময়ে মানুষের নিরাপত্তায় নিয়োজিত এটা প্রমাণে এসব ধর্ষকদের দ্রুত আইনে বিচার করতে হবে । যাতে করে আর কোন মানুষ এমন ন্যাক্কার জনক ঘটনা না ঘটনাতে পারে।

মেহেরপুরের ১০ নক্ষত্রের বিসিএস জয়

৩৮ তম বিসিএস এ ঐতিহাসিক মুজিবনগরের মেহেরপুরে বিভিন্ন বিভাগে ১০ জন্য চুড়ান্ত হয়েছেন। জেলার ইতিহাসে একসাথে ১০ জন বিসিএস ক্যাডার সুযোগ পাওয়া এই প্রথম কোন ঘটনা। তাদের এই সাফল্যে মেহেরপুরের শিক্ষাঙ্গনসহ বিভিন্ন স্থানে আলোচনা শুরু হয়েছে। বিভিন্ন প্রান্ত থেকে তাদের শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়েছে।

বিসিএস এ চুড়ান্তরা হলেন, আরমিনা আক্তার ডলি (শিক্ষা), তাসনিম জাহান মুনিয়া (প্রশাসন ক্যাডার), নাহিদ আহমেদ শোভন (কৃষি), আব্দুর রাজ্জাক (প্রকৌশলী-রেলওয়ে), তুষার আহমেদ (প্রকৌশলী-সড়ক

ও জনপথ), সাদমান সাকিব নাহিদ (স্বাস্থ্য), জান্নাতুল নাঈম(শিক্ষা), উসমান গনি (পুলিশ), মো: ফরিদ উদ্দিন (শিক্ষা-রসায়ন), দেবযানী কর (প্রশাসন)।

মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রী কলেজের ২০০৭-০৮ ব্যাচের প্রাক্তন ছাত্র উসমান গনি চুড়ান্ত হয়েছেন পুলিশ ক্যাডারে। তাকে অভিনন্দন জানিয়ে কলেজের অধ্যক্ষ একরামুল আযীম জানান, উসমান গনি আমাদের কলেজের গর্ব। সে আমাদের কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র ছিল। বিসিএস এ চুড়ান্ত হওয়ায় আমিসহ আমার কলেজের সকল শিক্ষক ও স্টাফের পক্ষ তার জন্য শুভ কামনা জানাচ্ছি। আমি তার উজ্জল ভবিষ্যৎ কামনা করি।

প্রশাসন ক্যাডারে চুড়ান্ত হয়েছেন প্রয়াত কানাই লাল করের মেজ মেয়ে দেবযানী কর। দেনযানী করের মা অ্যাড. মিনা পাল জানান, সাম্প্রতিক সময়ে দেবযানীর বাবা মারা গেছেন। একদিকে পিতৃ বিয়োগ করার কিছুদিন পর প্রশাসনিক ক্যাডার হওয়ার খবর পেয়ে দেবযানী চিৎকার করে কেঁদে ওঠে। তার পিতা দেখে যেতে পারলেন না মেয়ের সাফল্য। আমি আমার মেয়েকে নিয়ে খুবই গর্বিত। সকলের আশির্বাদে সে সাফল্যের সাথে মানুষের সেবা করবে এ কামনা করি। তাঁদের বড় মেয়ে ইন্দ্রানী কর ২৯ তম বিসিএস এ চিকিৎসক, মেজো মেয়ে দেবযানী কর ৩৮ তম বিসিএস এ প্রশাসন ক্যাডার, তৃতীয় মেয়ে কৃঞ্চা ঐন্দ্রিলা কর ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিয় বিষয়ে এ লেখাপড়া শেষ করেছেন।

একসাথে ১০ জনের এই কৃতিত্বে অভিনন্দন জানিয়ে বিদায়ী জেলা প্রশাসক আতাউল গনি বলেন, আমি অত্যন্ত খুশি হয়েছি। একসাথে এ জেলায় এতজন বিসিএস এ ক্যাডার হয়েছে এটা মেহেরপুরের জন্য গর্ব। আমি ও আমাদের জেলা প্রশাসনের পক্ষ থেকে তাদের অন্তিরিক অভিনন্দন জানাই।

এদিকে, মেহেরপুরে বিসিএস এ চুড়ান্ত ১০ জনকে অভিনন্দন জানিয়ে তাদের উজ্জল ভবিষ্যৎ কামনা করেছেন মেহেরপুর প্রতিদিন’র সম্পাদক ইয়াদুল মোমিন, প্রকাশক এম এ এস ইমন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাব পরিবার, বিভিন্ন সাংস্কৃতিক কর্মী, সাংগঠনিক ব্যক্তিবর্গ।